



নথি নং-০৮.০১.০০০০.০০১.১৯.০৩৯.১৮.৪৮২(৪)

তারিখঃ ০৭ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ  
২১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডে কর্মরত কিছু সংখ্যক কর্মকর্তা/কর্মচারী উর্দ্ধতন কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে প্রকৃত দায়িত্ব পালনের ক্ষেত্র ছাড়া বিভিন্ন বিষয়ে বেতার ও টেলিভিশনের সংবাদ, টকশো, আলোচনা অনুষ্ঠান, পত্র-পত্রিকা, অন-লাইন মাধ্যমে বক্তব্য বা মতামত বা নিবন্ধ বা পত্র প্রকাশ করছেন। সরকারের নীতি-নির্ধারনী অনেক বিষয়েও বক্তব্য বা মতামত দিচ্ছেন। যা সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর বিধি ২২ এর পরিপন্থি।

০২। সরকারী কর্মচারী (আচরণ) ১৯৭৯ এর বিধিমালার ২২ মোতাবেক “সরকারি কর্মচারী বিভাগীয় প্রধানের পূর্বানুমোদন ব্যতিরেকে কিংবা প্রকৃত দায়িত্ব পালনের ক্ষেত্র ব্যতিরেকে বেতার কিংবা টেলিভিশন সম্প্রচারে অংশগ্রহণ করিতে অথবা কোনো সংবাদপত্র বা সাময়িকীতে নিজ নামে অথবা বেনামে অথবা অন্যের নামে কোনো নিবন্ধ বা পত্র লিখিতে পারিবেন না।”

০৩। সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ সকল সরকারী কর্মকর্তা/কর্মচারীর জন্য অবশ্য পালনীয়। এমতাবস্থায়, উক্ত বিধিমালার বিধি ২২ সহ সকল বিধান যথাযথভাবে পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে আদেশক্রমে নির্দেশ প্রদান করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

*Singha*  
২১/৬/২০২২  
(সিদ্ধা বিশ্বাস)

দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)  
ফোনঃ ৮৩১৮১২০-২৬ (এক্স-৩৭১)

বিতরণ, জ্ঞাতার্থে, কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। মহাপরিচালক (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩। মহাপরিচালক (গবেষণা ও পরিসংখ্যান) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তৌকে আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮। আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১১। দ্বিতীয় সচিব ও সমপর্যায়ের সকল কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১৩। অফিস কপি।

*M*  
২১/৬/২০২২  
(সিদ্ধা বিশ্বাস)